## ডেন্টাল ভর্তি পরীক্ষা অত্যন্ত সুষ্ঠু হয়েছে: স্বাস্থ্যমন্ত্রী

অংশ নিয়েছে ৫০ হাজার শিক্ষার্থী



স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন কেন্দ্র পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন।

সমকাল প্রতিবদেক

প্রকাশ: ০৮ মার্চ ২০২৪ | ১৩:২২



স্বাস্থ্য ও পরিবারকল্যাণমন্ত্রী ডা. সামন্ত লাল সেন বলেছেন, 'সারাদেশে বিডিএস ভর্তি পরীক্ষা অত্যন্ত সুষ্ঠু ও সুচারুভাবে অনুষ্ঠিত হয়েছে। কোথাও কোনো অনিয়মের খবর পাওয়া যায়নি।' আজ শুক্রবার সকালে রাজধানীর ফুলার রোডস্ত উদয়ন বিদ্যালয়ে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের বিডিএস ভর্তি পরীক্ষার কেন্দ্র পরিদর্শন করে তিনি এ কথা বলেন।

UNIBOTS

সরকারি ও বেসরকারি ডেন্টাল কলেজ এবং মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিটগুলোতে ২০২৩-২৪ শিক্ষাবর্ষের বিডিএস কোর্সের ভর্তি পরীক্ষা আজ অনুষ্ঠিত হয়। মন্ত্রী বলেন, 'পরীক্ষা শুরুর এক মাস আগে থেকেই স্বাস্থ্য মন্ত্রণালয়ের সচিব, ডিজি ও অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তারাসহ সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয় ও দপ্তরের উর্ধ্বতন কর্মকর্তারা অত্যন্ত তৎপর ও সতর্ক ছিলেন। ফলে এ বছর বিডিএস ভর্তি পরীক্ষায় কোনো কেন্দ্রেই কোনোরকম নেতিবাচক কিছু ঘটার সুযোগ ছিল না।'

তিনি বলেন, 'এবারের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ৫০ হাজার ৭৯৫ জন প্রার্থী অংশ নিয়েছে। এ বছর ডেন্টাল বিভাগে সরকারি মোট ৫৪৫টি এবং বেসরকারি মোট ১ হাজার ৪০৫টি আসনের বিপরীতে শিক্ষার্থীরা পরীক্ষা দিয়েছে।'

তিনি আরও বলেন, 'এ বছর ভর্তি পরীক্ষার কেন্দ্র সংখ্যা ১২টি এবং ভেন্যু সংখ্যা ২০টি। দেশে বর্তমানে সরকারি ডেন্টাল কলেজ ১টি এবং ৮টি সরকারি ডেন্টাল ইউনিট রয়েছে। অন্যদিকে, বেসরকারি পর্যায়ে মোট ২৬টি ডেন্টাল কলেজ রয়েছে।'

পরিদর্শন শেষে স্বাস্থ্যমন্ত্রী উপস্থিত গণমাধ্যমকর্মীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। দেশের অবৈধ স্বাস্থ্যকেন্দ্র বন্ধে চলমান অভিযান চলামান রাখা, চিকিৎসক সুরক্ষা আইন প্রণয়নের গুরুত্ব, ডেঙ্গুর প্রকোপ রোধে করণীয়, তামাক আইন কার্যকর করার গুরুত্ব তুলে ধরাসহ বিভিন্ন বিষয়ে তিনি কথা বলেন।

কেন্দ্র পরিদর্শনকালে স্বাস্থ্য শিক্ষা ও পরিবারকল্যাণ বিভাগের সচিব আজিজুর রহমান, বিএমডিসি সভাপতি ও জাতীয় অধ্যাপক ডা.
মাহমুদ হাসান, স্বাস্থ্য শিক্ষা বিভাগের মহাপরিচালক অধ্যাপক টিটু মিয়া, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) ডা.
বায়েজিদ খুরশিদ, স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মীরজাদি সাব্রিনা ফ্লোরা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের
যুগ্মসচিব নেওয়াজ হোসেন চৌধুরী, ঢাকা মেডিকেল কলেজের অধ্যক্ষসহ অন্যান্য কর্মকর্তারা স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে উপস্থিত ছিলেন।